

শিক্ষার মান উন্নয়নে বিশ্বব্যাংকের ৪ হাজার কোটি টাকা ঋণ

অর্থনৈতিক বার্তা পরিবেশক

দেশের মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা ও শিক্ষার্থীদের মান উন্নয়নে প্রায় ৪ হাজার ৮০ কোটি টাকা দিতে যাচ্ছে বিশ্বব্যাংক। গতকাল বিশ্বব্যাংকের ঢাকা কার্যালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, 'সেকেন্ডারি এডুকেশন ফর রেজাল্ট' প্রকল্পের আওতায় এই অর্থ সহায়তা অনুমোদন দিয়েছে সংস্থাটির পরিচালনা পর্ষদ। এর মাধ্যমে প্রায় ১ কোটি ৩ লাখ শিক্ষার্থী লাভবান হবে বলে আশা করছে সংস্থাটি।

জানা গেছে, 'সেকেন্ডারি এডুকেশন ফর রেজাল্ট' প্রকল্পের আওতায় থাকবে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীরা। শিক্ষা পদ্ধতির মানোন্নয়ন, শিক্ষা গ্রহণ, শিক্ষাপ্রাপ্তি এবং শিক্ষার্থীদের বড়ো যাওয়া রোধে এই অর্থ ব্যবহৃত হবে বলে জানিয়েছে সংস্থাটি। এই পরিকল্পনায় মেয়ে শিশু ও দরিদ্র জনগোষ্ঠীর শিক্ষার বিষয়ে বিশেষভাবে জোর দেয়া হয়েছে। প্রকল্পের মাধ্যমে শিক্ষকদের প্রশিক্ষণ, পাঠ্যসূচি আধুনিকীকরণ, শিক্ষা ব্যবস্থাপনা এবং পরীক্ষা পদ্ধতির সংশোধন করা হবে। পাশাপাশি শিক্ষকদের জবাবদিহিতার বিষয়েও জোর দেয়ার কথা বলা আছে।

এ প্রকল্পের কো-টিম লিডার সৌরভ দেব ভাট জানান, গ্রামের স্কুলগুলোতে দক্ষ শিক্ষকের অভাব রয়েছে, বিশেষ করে ইংরেজি, গণিত এবং বিজ্ঞান বিষয়ে।